

রোগের নাম

আলুর নাবী ধ্বসা রোগ (Late Blight of Potato) একটি ছত্রাকজনিত রোগ।

রোগের লক্ষণ

- আলু গাছের পাতায় ফ্যাকাশে বা ফিকে রঙের গোলাকার বা এলামেলো ছোট ছোট দাগ পড়ে।
- এ দাগ খুব তাড়াতাড়ি বাড়তে থাকে এবং বাদামী বা কালো রং ধারণ করে।
- ঘন কুয়াশা ও মেঘলা আবহাওয়ায় এ রোগ দ্রুত বিস্তার লাভ করে।
- দাগগুলো পাতার কিনারার দিক থেকে ভিতরের দিকে ছড়িয়ে পড়ে।
- পাতার নীচে পাউডারের মত ছত্রাক দেখা যায়।
- আলু গাছের কান্ডে ফ্যাকাশে বা ফিকে রঙের দাগ পড়ে।
- আলুতে ফ্যাকাশে বাদামী রঙের দাগ পড়ে।



পাতায় দাগ



পাতার নীচে পাউডারী



কান্ডে দাগ

রোগ ব্যবস্থাপনা

- সুস্থ, সবল ও রোগমুক্ত বীজ বপন করা।
- রোগ মুক্ত ক্ষেত থেকে বীজ সংগ্রহ করা।
- প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন জাতের চাষ করা।
- আক্রান্ত গাছ দেখা মাত্র তুলে পুড়ে ফেলা।
- সুষম সার ব্যবহার ও পরিমিত সেচ প্রয়োগ করা।
- রোগ প্রতিরোধের জন্য প্রতি লিটার পানিতে গুণ্ডু ম্যানকোজেব ২.৫ গ্রাম ১০-১২ দিন পর পর ব্যবহার করা।
- আক্রান্ত জমিতে সেচ বন্ধ করে দিতে হবে।
- পরবর্তীতে কুয়াশা ও মেঘলা আবহাওয়া বিরাজ করলে প্রতি লিটার পানিতে ম্যানকোজেব মেটালেক্সিল (রিডামেল গোল্ড, করমিল, মেটারিল, নিউবেন ইত্যাদি) ২ গ্রাম বা সিকিউর-২ গ্রাম মিশিয়ে স্প্রে করা। (স্টীকারসহ)
- যদি উলে-খিত ছত্রাকনাশক কাজ না করলে প্রতি লিটার পানিতে সিকিউর-১ গ্রাম + মেলোডি ডুও-২ গ্রাম মিশিয়ে ১০-১২ দিন পর পর ২/৩ বার স্প্রে করা।
- ছত্রাকনাশক স্প্রে করার সময় গাছের পাতার নিচে, উপরে ও কান্ড সহ স্প্রে করতে হবে। পাওয়ার স্প্রেয়ার ব্যবহারে ভাল ফলাফল পাওয়া যায়।



আলুতে দাগ



রোগাক্রান্ত জমির অবস্থা

আরো বিস্তারিত জানতে কল করুন ০১৭৪৬৭৭৪২৮১ নম্বরে
ভিজিট করুন www.ekrishok.com ওয়েবসাইটে

এস এম এস এর মাধ্যমে কৃষি সমস্যার সমাধান পেতে Sub
লিখে এসএমএস করুন ১৬২৫০ নম্বরে
ভিজিট করুন www.ekrishok.com ওয়েবসাইটে

